অসহায়দের জন্য শীতের রাতে মেহেরপুর পুলিশের উষ্ণ সাহায্য

মেহেরপুর জেলা পুলিশ গভীর রাতে অসহায়, দুস্থ ও ছিন্নমূল মানুষের মাঝে কম্বল বিতরণ করে এক উজ্জ্বল মানবিক দৃষ্টান্ত স্থাপন করেছে।

জেলা পুলিশ সুপার মাকসুদা আকতার খানমের নেতৃত্বে গতকাল শনিবার রাতে মেহেরপুর ও গাংনী এলাকার অসহায়, প্রতিবন্ধী এবং দুস্থ মানুষের হাতে কম্বল তুলে দেওয়া হয়। শীতের তীব্রতায় কষ্ট পাওয়া মানুষদের জন্য এটি ছিল এক উষ্ণ ও মানবিক সহায়তা।

এ সময় পুলিশ সুপারের সঙ্গে উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ) মোঃ জামিনুর রহমান খান এবং অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) আবদুল করিম।